"একই স্মারক নম্বর ও তারিখে প্রতিস্থাপিত হবে"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২২-০৪-১৪২৪ বঙ্গাব্দ
স্মারক নং- ৩৪.০০.০০০০.০৪১.২৬.০০২.১৫.৮১২ তারিখ ঃ ---------------------।
০৬-০৮-২০১৭ খ্রিষ্টাব্দ

বিষয় ঃ জুন/২০১৭ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

২৭-০৭-২০১৭ তারিখে অনুষ্ঠিত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের জুন/২০১৭ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী এসংগে প্রেরণ করা হলো। কার্যবিবরণীতে কোন সংযোজন/বিয়োজন থাকলে কার্যবিবরণী পাওয়ার ৩ কর্মদিবসের মধ্যে লিখিতভাবে জানাতে অনুরোধ করা হলো।

০২। সমন্বয় সভায় গৃহীত তাঁর অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থা/শাখার সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন এবং অনিস্পন্ন বিষয়সমূহের তালিকা পরবর্তী সমন্বয় সভায় আলোচনার নিমিত্ত আগামী ১০-০৮-২০১৭ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে।

(হোসনা আফরোজা)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৫৫০৫

বিতরণ ঃ কার্যার্থে (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)

১। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
২। মহাপরিচালক, বিকেএসপি, ঢাকা।
৩। যুগ্ম-সচিব(সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
৪। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
৫। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
৬। সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা।
৭। উপ-সচিব (সকল), উপ-প্রধান, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৮। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৯। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১০। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
১১। মাননীয় উপ-মন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১২। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান............................, সহকারী প্রধান/ সহকারী সচিব...................... /সহকারী প্রোগ্রামার...................... , যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১৩। হিসাব রক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের জুন/২০১৭ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মো: আসাদুল ইসলাম
ভারপ্রাপ্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
তারিখ : ২৭ জুলাই, ২০১৭
সময় : বেলা ১১:০০ টা
স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫০২, ভবন নং-৭)।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট 'ক'-তে সন্নিবেশিত হলো।

সভার প্রারম্ভে সভাপতি এ মন্ত্রণালয়ে নব যোগদানকৃত ১ জন উপ-প্রধান এবং দপ্তর/সংস্থার কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব(প্রশাসন) আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনার পর বিষয়ভিত্তিক নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| (১) গত ১৮-০৬-২০১৭ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ। | গত ১৮-০৬-২০১৭ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংযোজন বিয়োজন আছে কিনা সে বিষয়ে আলোচনা করা হয়। এ মন্ত্রণালয়ের সকল দপ্তর/শাখা এবং মন্ত্রণালয়াধীন দপ্তর/সংস্থা হতে সমন্বয় সভার ৭দিন পূর্বে তাদের কার্যপত্র মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখায় প্রেরণের নির্দেশনা প্রদান করেন। এছাড়া প্রতিমাসে সমন্বয় সভায় যে কোন জেলার সাথে ভিডিও কনফারেন্স করার নির্দেশনা প্রদান করেন। | কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। এ মন্ত্রণালয়ের সকল দপ্তর/শাখা এবং মন্ত্রণালয়াধীন দপ্তর/সংস্থা হতে সমন্বয় সভার ৭দিন পূর্বে তাদের কার্যপত্র মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখায় প্রেরণ করতে হবে। এছাড়া প্রতিমাসে সমন্বয় সভায় যে কোন জেলার সাথে ভিডিও কনফারেন্স এর ব্যবস্থা করতে হবে। | |
| **(২) জাতীয় যুব নীতি, ২০১৭ বাস্তবায়ন** | (ক) জাতীয় যুবনীতি, ২০১৭ বাস্তবায়নের জন্য Action Plan প্রস্তুতের বিষয়ে UNFPA পারস্পরিক অংশিদারিত্বের মাধ্যমে সহযোগিতার অভিপ্রায় ব্যক্ত করেছে। UNFPA, SAARC Youth Charter এর বিষয়ে মন্ত্রণালয়ের অবস্থান জানতে চেয়েছে। Action Plan করার নিমিত্ত প্রকল্প দলিল (TPP) প্রস্তুতের কার্যক্রম চলমান রয়েছে। খসড়া SAARC Youth Charter এর উপর এ মন্ত্রণালয়ের মতামতসহ পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। মাননীয় প্রতিমন্ত্রীর অনুমোদনের পর UNFPA তে প্রেরণ করতে হবে। তবে ভ্যাট থাকলে তা দেখার পরামর্শ দেন।<br><br>(খ) জাতীয় যুবনীতি ২০১৭ বাস্তবায়নের জন্য ১২টি মন্ত্রণালয় হতে ফোকাল পয়েন্টদের নামের তালিকা সংগ্রহ করা হয়েছে। সুশীল সমাজ ও যুব প্রতিনিধিবৃন্দের সমন্বয়ে পূর্ণাঙ্গ স্টিয়ারিং কমিটি গঠনের জন্য নথি উপস্থাপনায় রয়েছে। | SAARC Youth Charter দ্রত UNFPA প্রেরণ করতে হবে। | **যুব উন্নয়ন অধিদপ্তর ও যুব-১ শাখা** |
| **(৩) পদসৃষ্টি/ আপগ্রেডেশন ও পদ স্থায়ীকরণ।** | **(ক) যুব উন্নয়ন অধিদপ্তর :** | | |
| | (১) শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রের রাজস্বখাতে স্থানান্তরিত ৭টি পদের মধ্যে উপপরিচালক হিসেবে ইতোমধ্যে ২ জন কমকর্তাকে পদায়ন করা হয়েছে। ১জন পরিচালক পদায়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে এবং ১ জন ডাক্তার পদায়নের জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়কে পত্র প্রদানের বিষয়ে আলোচনা হয়। | (ক) নিয়োগ কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। | |
| | (২) ৫টি প্রকল্প ১ জুলাই ১৯৯৭ এর পরে শুরু হয়েছে বিধায় প্রকল্পের ১৪৭৪ জন জনবল স্বয়ংক্রিয়ভাবে রাজস্বখাতে স্থানান্তরে জটিলতা রয়েছে। প্রকল্পসমূহের জনবল স্বয়ংক্রিয়ভাবে রাজস্বখাতে স্থানান্তরের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে প্রাপ্ত মতামত ও অর্থ বিভাগের যাচিত তথ্য গত ০৮-০৫-২০১৭ তারিখে অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ শাখায় প্রেরণ করা হয়েছে। শীঘ্রই এ বিষয়ে সভা হবে। এ জনবলকে রাজস্বখাতে স্থানান্তর না করলে যুব প্রশিক্ষণ কার্যক্রমের উপর কি ধরণের নেতিবাচক প্রভাব পড়বে তা উল্লেখপূর্বক মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের জন্য ৫টি প্রকল্পের সার্বিক তথ্য সম্বলিত সার-সংক্ষেপ তৈরী করা হয়েছে। | (খ) মাননীয় প্রতিমন্ত্রীর সাথে আলোচনা করে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | **যুব উন্নয়ন অধিদপ্তর/ যুব-২ শাখা** |

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | **(খ) জাতীয় ক্রীড়া পরিষদ:** | | |
| | মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগের রায়ের প্রেক্ষিতে, জাতীয় ক্রীড়া পরিষদের ৩১টি পদ রাজস্বখাতে স্থানান্তরের নিমিত্ত আইন ও বিচার বিভাগে মতামতের জন্য ০২-০৪-২০১৭ তারিখে প্রেরণ করা হয়েছে। আইন ও বিচার বিভাগে যোগাযোগ অব্যাহত রয়েছে। | আইন ও বিচার বিভাগে যোগাযোগ রাখতে হবে। | জাতীয় ক্রীড়া পরিষদ ও ক্রীড়া-১ শাখা |
| | **(গ) বিকেএসপিঃ বিকেএসপির জন্য রাজস্বখাতে পদ সৃজন প্রসঙ্গে-**<br>বিকেএসপি হতে প্রাপ্ত বিভিন্ন ক্যাটাগরীর মোট ৭৩৮টি পদ রাজস্ব বাজেটে সৃজনের সমন্বিত প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের লক্ষ্যে ১৬/০৭/২০১৭ তারিখ অভ্যন্তরীণ সভা অনুষ্ঠিত হয়েছে। | জনপ্রশাসন মন্ত্রণালয়ের চেকলিষ্ট অনুযায়ী দ্রুত প্রস্তাব প্রেরণ করতে হবে। | বিকেএসপি/ ক্রীড়া-২ শাখা |
| (৪) শূন্য পদ পূরণ বিষয়ক অগ্রগতি | | | |
| | **ক্রীড়া পরিদপ্তরঃ** (ক) **শূন্য পদে জনবল নিয়োগ:** 'জেলা ক্রীড়া অফিসার' এর ২৮ টি এবং 'প্রভাষক' এর ২৮ টি পদে জনবল নিয়োগের বিষয়ে ৩১/০৫/২০১৭ তারিখে সরকারি কর্মকমিশন সচিবালয় কর্তৃক নিয়োগ বিজ্ঞপ্তি জারী করা হয়েছে।<br>(খ) **নিয়োগ বিধি সংশোধন প্রস্তাবঃ** ক্রীড়া পরিদপ্তর এবং শারীরিক শিক্ষা কলেজ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৬-এর সংশোধনী প্রস্তাব এর সফট কপি জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর সভাকে অবহিত করেন যে, নিয়োগ বিধি এখনো চূড়ান্ত হয়নি। | (ক) সরকারি কর্মকমিশন সচিবালয়ের সাথে যোগাযোগ রাখতে হবে।<br>(খ) নিয়োগ বিধি সংশোধনের কাজ সতর্কতার সাথে যাচাই বাছাই করতে হবে। | **ক্রীড়া পরিদপ্তর/ ক্রীড়া-২ অধিশাখা** |

**গুরুত্বপুর্ণ পেন্ডিং বিষয়:**

| | | | |
|---|---|---|---|
| **(৫) বিভাগীয় মামলা** | **যুব উন্নয়ন অধিদপ্তর:** যুব উন্নয়ন অধিদপ্তরের জুন, ২০১৭ মাসে ১ম শ্রেণির ২টি মামলাসহ ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণীর মোট ২৫টি মামলা চলমান রয়েছে। | বিভাগীয় মামলা নিষ্পত্তির বিষয়ে যত্নশীল হতে হবে। | **যুব উন্নয়ন অধিদপ্তর/ক্রীড়া পরিপ্তর/ যুব-১/ ক্রীড়া-২/ প্রশাসন-১ শাখা** |
| | **ক্রীড়া পরিদপ্তর:** ক্রীড়া পরিদপ্তরের ২টি বিভাগীয় মামলার আপীল এর শুনানী শেষ হয়েছে। খুব শীঘ্রই নিষ্পত্তি হবে। | | |
| (৬) অনিষ্পন্ন পেনশন কেস: | | | |
| | **মন্ত্রণালয়:** (১)মরহুম মো: সেলিম মিয়া এর স্ত্রী চাহেনারা বেগম গত ০৪-০৫-২০১৭ তারিখে পেনশন এর জন্য নির্ধারিত ফরমে আবেদন করেছেন। আবেদনপত্রে কিছু সংশোধন থাকায় মো: সেলিম মিয়া এর স্ত্রী চাহেনারা বেগমকে অবহিত করা হয়েছে। সংশোধন প্রক্রিয়াধীন রয়েছে।<br>(২) জনাব মো: আবুল কাশেম ভূঁইয়া, ব্যক্তিগত কর্মকর্তার ১০-০৬-২০০৯ তারিখে ৮০% আনুতোষিক ভাতা মঞ্জুরী আদেশ জারী করা হয়েছে এবং জনাব মো: কমর উদ্দিন, ব্যক্তিগত কর্মকর্তার ২২-০১-২০০৯ তারিখে ৮০% আনুতোষিক ভাতা মঞ্জুরী আদেশ জারী করা হয়েছে। তাদের দখলকৃত বাসা জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নিকট হস্তান্তর না করায় এবং জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের না-দাবী নামা না পাওয়ায় অবশিষ্ট ২০% অর্থ পরিশোধের মাধ্যমে পেনশন কেইস নিষ্পত্তি করা যাচ্ছে না। গণপূর্ত মন্ত্রণালয় ও জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষকে তাঁদের বিষয়ে জানানোর জন্য পুনরায় পত্র দেয়া হয়েছে। | (১) পেনশন কেইসটি দ্রুত নিষ্পত্তি করতে হবে।<br>(২) জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সাথে যোগাযোগপূর্বক দ্রুত পেনশন কেস নিষ্পত্তি করতে হবে। | প্রশাসন-১ শাখা |
| | **বিকেএসপিঃ** বিকেএসপিতে পেনশন প্রথা চালুকরণঃ<br>বিকেএসপিতে পেনশন প্রথা চালুর লক্ষ্যে গত ০৮-১১-২০১৬ তারিখে অর্থ বিভাগে পুন:প্রস্তাব প্রেরণ করা হয়েছে। অর্থ বিভাগ হতে কোন মতামত পাওয়া যায়নি। গত ০৭-০৫-২০১৭ তারিখে অর্থ বিভাগে অনুষ্ঠিত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ২০১৭-১৮ অর্থ বছরের বাজেট যৌক্তিকিকরণ সভায় বিকেএসপির কর্মকর্তা/ কর্মচারীদের সরকারিভাবে পেনশন প্রদানের সুযোগ রয়েছে মর্মে আলোচনা করা হয়। এ বিষয়ে অর্থ বিভাগে যোগাযোগ অব্যাহত রয়েছে। | বিকেএসপিতে সরকারিভাবে পেনশন প্রথা চালুর জন্য অর্থ বিভাগে যোগাযোগ রাখতে হবে। | ক্রীড়া-২ শাখা ও বিকেএসপি |

| (৭) সমীক্ষা/ অডিট আপত্তি | | | (অংকসমূহ হাজার টাকায়) | | | | | | | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | পূর্ববর্তী মাস পর্যন্ত ক্রমপুঞ্জিত অনিষ্পন্ন আপত্তির সংখ্যা | জড়িত টাকা | নতুন আপত্তির সংখ্যা | জড়িত টাকা | নিষ্পত্তিকৃত আপত্তির সংখ্যা | ক্রমপুঞ্জিত অনিষ্পন্ন আপত্তির জের | জড়িত টাকা | অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তি করার জন্য পৃথক সভা করতে হবে। |
| | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় : | মন্ত্রণালয় (৬২৮২) হাজার টাকা | ২৫ | ৪৯৯৭১৪ | - | - | - | ২৭টি | ৪৯৯৭১৪ | সকল দপ্তর/ সংস্থা এবং বাজেট শাখা যুব ও ক্রীড়া মন্ত্রণালয়। |
| | | সমাপ্ত উন্নয়ন-(৪৯৩৪৩২) হাজার টাকা | ২ | | | | | | | |
| | যুব উন্নয়ন অধিদপ্তর : | অগ্রিম অনুচ্ছেদ-১৯টি | ৮৬ | ১৬,২৫,৭৭ | - | - | - | ৮৬ | ১৬,২৫,৭৭ | |
| | | সাধারণ-৭৭টি | | | | | | | | |
| | ক্রীড়া পরিদপ্তর: | | ২২ | ৪,৮৯,৮৪ | - | - | - | ২২ | ৪,৮৯,৮৪ | |
| | বিকেএসপি : | অগ্রিম-১৩টি | ৩৪ | ১৪,৩৬৪ | - | - | - | ৩৪ | ১৪,৩৬৪ | |
| | | সাধারণ-২১টি | | | | | | | | |
| | জাতীয় ক্রীড়া পরিষদ: | | ৫৪০ | ৩,৯২,৯৫ | - | - | - | ৫৪০ | ৩,৯২,৯৫ | |
| | | মোট= | ৭১৮ | ৭৬৪৯৩৪ | - | - | - | ৭০৯ | ৭,৬৪,৯৩৪ | |

সভাপতি জাতীয় ক্রীড়া পরিষদের অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য জাতীয় ক্রীড়া পরিষদের সচিবকে নির্দেশনা দেন। ক্রীড়া পরিদপ্তরের ১৮ টি আপত্তি দ্বি-পক্ষীয় সভায় নিষ্পত্তিযোগ্য। অবশিষ্ট ০৪ টি আপত্তির BSR প্রস্তুত প্রক্রিয়াধীন। বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন এর ১০ টি আপত্তির ব্রডশিট জবাব পাওয়া গিয়েছে। মন্ত্রণালয়ের আপত্তিসমূহের মধ্যে VAT ও আয়কর সংক্রান্ত আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহকে পত্র দেয়া হয়েছে।

**চলমান কার্যক্রমের পর্যালোচনা (সংস্থাভিত্তিক) :**

| | | | |
|---|---|---|---|
| **(৮) যুব উন্নয়ন অধিদপ্তর :**<br>**প্রশিক্ষণ, ঋণ ও ন্যাশনাল সার্ভিস** | (ক)ন্যাশনাল সার্ভিস কর্মসূচির ৪র্থ পর্বের ১ম, ২য়, ৩য় ও ৪র্থ ধাপে মোট প্রশিক্ষণপ্রাপ্ত সুবিধাভোগীর সংখ্যা ২৬৩০১ জন। তন্মধ্যে ২৬৩০০ জনকে ২ বছরের জন্য অস্থায়ী কর্মসংস্থানে নিয়োজিত করা হয়েছে যা ২৮ ফেব্রুয়ারি ২০১৯ শেষ হবে। এছাড়া ন্যাশনাল সার্ভিস কর্মসূচির ৩য় পর্বের ১৪৮০৩ জন সুবিধাভোগী অস্থায়ী কর্মে নিয়োজিত রয়েছে যার মেয়াদ ২৮ ফেব্রুয়ারি/১৮ সমাপ্ত হবে। অর্থাৎ বর্তমানে মোট ৪১১০৩ জন অস্থায়ী কর্মে নিয়োজিত রয়েছে।<br>২০১৭-২০১৮ অর্থ বছরে ৫ম, ৬ষ্ঠ ও ৭ম পর্বের প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা হবে। ইতোমধ্যে ৫ম পর্বের সুবিধাভোগী নির্বাচনের বিজ্ঞপ্তি প্রকাশ করার পরিপ্রেক্ষিতে ৫১৩৩২টি আবেদন পাওয়া গেছে। তন্মধ্যে বিধি মোতাবেক প্রশিক্ষার্থী যাচাই বাছাই করে ৩৭৫৯৭ জনকে নির্বাচন করা হয়। বাছাইকৃত সুবিধাভোগীদের প্রশিক্ষণ শীঘ্রই শুরু হবে। বর্তমানে দেশব্যাপী বৃক্ষরোপন কর্মসূচী চলমান। যুব সংগঠনগুলোকে বৃক্ষরোপনে উদ্বুদ্ধ করতে হবে এবং কর্মসূচী চলাকালে যে কোন নির্দিষ্ট একটি দিনে বৃক্ষরোপন কর্মসূচী পালন করতে হবে। একই সাথে যুব উন্নয়ন অধিদপ্তরের সকল জেলা/উপজেলায় একই দিনে বৃক্ষরোপন কর্মসূচী পালন করতে হবে। বৃক্ষরোপন কর্মসূচী পালনের পর একটি সচিত্র প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়া প্রতিটি যুব প্রশিক্ষণার্থীকে অন্তত একটি গাছ লাগানোর জন্য সভাপতি পরামর্শ প্রদান করেন। | বাছাইকৃত সুবিধাভোগীদের দ্রুত প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে ও বৃক্ষরোপন কর্মসূচী পালনের সচিত্র প্রতিবেদন প্রেরণ করতে হবে। | যুব উন্নয়ন অধিদপ্তর/<br>যুব-২ অধিশাখা |
| (৯) **বঙ্গবন্ধু** ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন: | (ক) বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন এর সচিব সভাকে অবহিত করেন যে, ফাউন্ডেশনের তহবিল বৃদ্ধির জন্য মাননীয় প্রধানমন্ত্রীর নিকট ১০০.০০(একশত কোটি) টাকা স্থায়ী আমানত চেয়ে সার-সংক্ষেপ অর্থ বিভাগের মতামতের জন্য রয়েছে। এছাড়া বিভিন্ন কোম্পানী/প্রতিষ্ঠানের CSR খাত হতে অনুদানের জন্য মাননীয় প্রতিমন্ত্রীর স্বাক্ষরে আধাসরকারী পত্রের প্রেক্ষিতে জ্বালানী সচিব মহোদয়ের সহায়তায় ০৭(সাত)টি কোম্পানির CSR খাত হতে ৩২,০০,০০০/-(বত্রিশ লক্ষ) টাকা অনুদান পাওয়া গেছে। সভায় ০৭(সাত)টি কোম্পানির CSR খাত হতে ৩২,০০,০০০/-(বত্রিশ লক্ষ) টাকা অনুদান পাওয়ায় জ্বালানী সচিব মহোদয়কে ধন্যবাদ জানানো হয়।<br>(খ) <u>ফাউন্ডেশন এর প্রবিধানমালা ও অর্গানোগ্রাম প্রণয়ন:</u> গত ২৭-০৪-২০১৭ তারিখে অনুষ্ঠিত ফাউন্ডেশনের পরিচালনা বোর্ড সভায় সাংগঠনিক কাঠামো ও নিয়োগ প্রবিধানমালা পরীক্ষা-নিরীক্ষা করার জন্য কমিটি গঠন করা হয়েছে।<br>(গ) <u>২০১৭-২০১৮ অর্থ বছরে ক্রীড়াসেবীদের অনুদান বিতরণ:</u> ২০১৭-২০১৮ অর্থ বছরে ক্রীড়াসেবীদের অনুদান বিতরণের বিষয়ে পদক্ষেপ গ্রহণ প্রক্রিয়াধীন। ক্রীড়াসেবীদের অনুদান বিতরনের ফরমটি অনলাইনে দেয়ার ব্যবস্থা করতে হবে।<br>(ঘ) <u>ফাউন্ডেশনের প্রদেয় অনুদান করমুক্ত রাখার প্রস্তাব:</u> মাননীয় প্রধানমন্ত্রী ৩০-১০-২০১৪ তারিখে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় পরিদর্শনকালে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী বিত্তবান ব্যক্তিবর্গ কর্তৃক ফাউন্ডেশনে প্রদেয় অনুদান করমুক্ত রাখার জন্য যুব ও ক্রীড়া মন্ত্রণালয় হতে ০২-০৪-২০১৭ তারিখে জাতীয় রাজস্ব বোর্ডকে অনুরোধ করা হয়েছে।<br>(ঙ)<u>ফাউন্ডেশনের জন্য মানসম্মত অফিসের ব্যবস্থা করা :</u> ২৭-০৪-২০১৭ তারিখে অনুষ্ঠিত ফাউন্ডেশনের বোর্ড সভায় জাতীয় ক্রীড়া পরিষদ, পুরাতন ভবনে সুযোগ সুবিধা বৃদ্ধির মাধ্যমে অফিসের পরিবেশ উন্নয়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য যুগ্মসচিব(ক্রীড়া) ও সচিব, জাতীয় ক্রীড়া পরিষদকে দায়িত্ব প্রদান করা হয়েছে। | (ক) ফাউন্ডেশনের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য সহায়ক কর্মচারী প্রদানের ব্যবস্থা করতে হবে।<br>(গ) ২০১৭-২০১৮ অর্থ বছরে ক্রীড়াসেবীদের অনুদান ফরমটি অনলাইনে দিতে হবে।<br>(ঘ) জাতীয় রাজস্ব বোর্ড এ যোগাযোগ রাখতে হবে।<br>(ঙ)যুগ্মসচিব(ক্রীড়া) ও সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ | ক্রীড়া-১ শাখা/<br>জাতীয় ক্রীড়া পরিষদ |

## বিবিধঃ

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| (ক) তথ্য অধিকার আইন সম্পর্কিত কার্যক্রম বাস্তবায়ন | তথ্য অধিকার আইন মোতাবেক প্রাপ্ত আবেদন নিষ্পত্তি করা হচ্ছে। নাগরিকদের নিকট হতে তথ্য প্রাপ্তির কোন আবেদন পাওয়া যায়নি। | কোন নাগরিক তথ্য চেয়ে আবেদন করলে তা তথ্য অধিকার আইন মোতাবেক নিষ্পত্তি করতে হবে। | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা, মন্ত্রণালয় ও সকল দপ্তর/সংস্থা |
| (খ) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন | (১) National Sports Council (Amendment) Ordinance-1976 এবং National Sports Control Board(Amendment) Ordinance-1978 সংশোধনপূর্বক প্রস্তুতকৃত জাতীয় ক্রীড়া পরিষদ আইন ২০১৬ মন্ত্রিসভা বৈঠকে গত ১৯-১২-২০১৬ তারিখে নীতিগতভাবে অনুমোদিত হয়েছে। আইনটি ভ্যাটিংয়ের জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়। লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ হতে পুনর্গঠন করে পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য পরামর্শ প্রদান করে। পরামর্শ মোতাবেক জাতীয় ক্রীড়া পরিষদ হতে আইনটি পুনর্গঠন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। পুনর্গঠিত আইনটি নিয়ে গত ১৯-০৭-২০১৭ তারিখে সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এর সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়েছে।<br><br>(২) বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান অধ্যাদেশ ১৯৮৩ পরিমার্জনপূর্বক বাংলায় প্রবর্তনের প্রস্তাবের উপর মতামত প্রদানের জন্য বিভিন্ন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ইতোমধ্যে ৬টি মন্ত্রণালয়ের মতামত পাওয়া গিয়েছে। ম্যাট্রিক্স আকারে আইনটিকে সাজানোর জন্য বিকেএসপিকে পত্র দেয়া হয়েছে। বিকেএসপি আইনটি গ্রন্থনা করে পাঠিয়েছে তবে ম্যাট্রিক্স আকারে প্রেরণের জন্য বিকেএসপিকে পুনরায় অনুরোধ জানানো হয়েছে। আগস্ট এর ১ম সপ্তাহে বিষয়টি নিষ্পত্তির জন্য মহাপরিচালক বিকেএসপিকে সভাপতি নির্দেশনা দেন।<br><br>(৩) ই-টেন্ডারিং :- জাতীয় ক্রীড়া পরিষদে ই-টেন্ডারিং কার্যক্রম লাইভ সার্ভারে পরিচালনার জন্য Organization Admin-এর ID ও পাসওয়ার্ড সংগ্রহ করা হয়েছে। সিপিটিইউ বরাবর লাইভে ই-জিপির কার্যক্রম সম্পন্ন করার জন্য আবেদন করা হয়েছে। বিকেএসপিতে e-GP System এ ক্রয় বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। | (ক) আইন মন্ত্রণালয়ের পর্যবেক্ষণ অনুযায়ী দ্রুত কাজ সম্পন্ন করতে হবে।<br><br>(খ) আগস্ট এর ১ম সপ্তাহে বিষয়টি নিষ্পত্তি করতে হবে।<br><br>(গ) CPTU এর সাথে যোগাযোগপূর্বক জরুরিভিত্তিতে ই-টেন্ডারিং কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | ক্রীড়া-১/ জাতীয় ক্রীড়া পরিষদ |
| (গ) মন্ত্রণালয় এবং সকল দপ্তর /সংস্থায় ইনোভেশন সম্পর্কিত কার্যক্রম ও ইউনিকোড ব্যবহার | যুব উন্নয়ন অধিদপ্তরের সকল শাখায় ইউনিকোড চালু রয়েছে। গাজীপুর ও জামালপুর জেলায় প্রশিক্ষণ সহজীকরনের কাজ চলছে। মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়াধীন সকল দপ্তর/সংস্থায় ইউনিকোড নিশ্চিতকরণের বিষয়টি নিয়মিত তদারকি করা হচ্ছে। জাতীয় ক্রীড়া পরিষদের কার্যাবলী ইনোভেশনের মাধ্যমে সহজীকরণের বিষয়টি চলমান রয়েছে। প্রতিবন্ধী ফাউন্ডেশনের সাথে যোগাযোগ করে প্রতিবন্ধী শিশুদের খেলাধূলার সুযোগ বৃদ্ধির জন্য জাতীয় ক্রীড়া পরিষদের সচিব এবং ক্রীড়া পরিদপ্তরের পরিচালককে সভাপতি নির্দেশনা দেন। বিদ্যমান মাঠগুলোকে প্রতিবন্ধী শিশুদের খেলাধূলা বান্ধব করার পরামর্শ দেন। | সকল দপ্তর/সংস্থায় ইউনিকোড চালুর বিষয়টি মনিটরিং এর মাধ্যমে নিশ্চিত করতে হবে। মন্ত্রণালয়/দপ্তর-সংস্থার কাজ ইনোভেশনের মাধ্যমে সহজীকরণ করতে হবে।<br>ফাউন্ডেশনের কাজে ১০০% ইউনিকোড ব্যবহার করা হচ্ছে। জনবল কাঠামো অনুমোদন ও কর্মকর্তা/কর্মচারী নিয়োগের পর ইনোভেশন কার্যক্রম গ্রহণ করা হবে। | মন্ত্রণালয় ও সকল দপ্তর/সংস্থা |

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| (ঘ) মন্ত্রণালয়/ দপ্তর/ সংস্থাসমূহের কার্যক্রম বিষয়ে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তিকরণ ব্যবস্থা (Grievance Redress System) চালুকরণ। | জুন/২০১৭ মাসে কোন অভিযোগ পাওয়া যায়নি। | অভিযোগ পাওয়া গেলে দ্রুত নিষ্পত্তি করতে হবে। | সমন্বয় শাখা |
| (ঙ) ই-নথি বাস্তবায়ন | যুব উন্নয়ন অধিদপ্তরাধীন ২০টি জেলার কর্মকর্তাদের ই-ফাইল প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে এবং ২০টি জেলাকে লাইভ এ প্রদান করা হয়েছে। ই-নথি বাস্তবায়ন সম্পর্কে ব্যবহারকারীদের নিয়মিত প্রশিক্ষণ দেয়া হচ্ছে। জুন, ২০১৭ মাসে ১৭৬টি নথি ই-সিস্টেমে নিষ্পন্ন এবং ২৩০টি পত্র জারী করা হয়েছে। ই-নথি বাস্তবায়নের লক্ষে ToT প্রোগ্রামে প্রশিক্ষিত ক্রীড়া পরিদপ্তরের কর্তকর্তার মাধ্যমে জেলা পর্যায়ে কর্মরত জেলা ক্রীড়া অফিসারদের এপ্রিল-২০১৭ মাসে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। জাতীয় ক্রীড়া পরিষদে ই-ফাইলিং (নথি) যথাযথভাবে দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে জরুরিভিত্তিতে লাইভে যাবার জন্য জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক এটুআই এর ফোকাল পয়েন্টের সাথে যোগাযোগ করা হয়েছে। বিকেএসপিতে ই-নথি প্রশিক্ষণ চালুর জন্য এটুআই, প্রধানমন্ত্রীর কার্যালয়ে পত্র প্রেরণ করতে হবে। | জরুরি ভিত্তিতে মন্ত্রণালয় ও অধীনস্থ সকল দপ্তর/ সংস্থায় ই-নথিতে দাপ্তরিক কার্যক্রম করতে হবে। বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশনে এটুআই কর্তৃক প্রশিক্ষণ প্রদানের কার্যক্রম প্রক্রিয়াধীন। বিকেএসপিতে ই-নথি প্রশিক্ষণ চালুর জন্য এটুআই প্রধানমন্ত্রীর কার্যালয়কে পত্র দিতে হবে। | মন্ত্রণালয় ও সকল দপ্তর/সংস্থা |
| (চ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য মাঠপর্যায়ে নির্দেশনা প্রদানপূর্বক ফলোআপ অব্যাহত রয়েছে। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে। | সকল দপ্তর/সংস্থা/ বাজেট শাখা |
| (ছ) | মাননীয় প্রতিমন্ত্রী/উপমন্ত্রী এবং সচিব যখন বিদেশ সফর করবেন তখন সে দেশে অবস্থিত বাংলাদেশ মিশনের সাথে যোগাযোগপূর্বক সংশ্লিষ্ট দেশের যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সাথে দ্বি-পক্ষীয় সভা আয়োজনের বিষয়ে সভাপতি পরামর্শ প্রদান করেন এবং সভা হলে একটি প্রতিবেদন পেশের জন্য নির্দেশনা প্রদান করেন। | সংশ্লিষ্ট দেশের মিশনের সাথে যোগাযোগ করে দ্বি-পক্ষীয় সভা ও সভার রিপোর্ট করতে হবে। | মন্ত্রণালয় ও সকল দপ্তর/সংস্থা |
| (জ) | সভার নোটিশ এবং জন গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কিত পত্রাদি অবগতি/প্রচারের জন্য যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশ এবং গ্রুপ ই-মেইলে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। মন্ত্রণালয়ের সভার নোটিশ ওয়েব সাইটে প্রকাশ করা হচ্ছে এবং গ্রুপ-ই-মেইলে প্রেরণ করা হচ্ছে। | সকল সভার নোটিশ ওয়েব সাইটে প্রকাশ ও গ্রুপ মেইলে প্রেরণ করতে হবে। | সকল দপ্তর/সংস্থা/ শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় |

১০। আলোচ্যসূচী অনুযায়ী গঠনমূলক আলোচনা করায় সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০৩.০৮.২০১৭
(মো: আসাদুল ইসলাম)
ভারপ্রাপ্ত সচিব